সমকাল

তারিখ ...19 AUG. 2015...
পৃষ্ঠা ...৬... কলাম ...৪...

### মাগুরায় পেট্রোল বোমা

# ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি সম্পাদকসহ অভিযুক্ত ২৩

■ মাগুরা প্রতিনিধি

মাগুরার ট্রাকে পেট্রোল বোমা হামলায় ৫ জন নিহতের ঘটনায় ২৩ জনের বিরুদ্ধে আদালতে চার্জশিট দাখিল করেছে পুলিশ। এতে কেন্দ্রীয় ছাত্রদলের সভাপতি রাজীব আহসান, সাধারণ সম্পাদক আকরামুল হক ও মাগুরা জেলা বিএনপির সাধারণ সম্পাদক আলী আহমেদকে অভিযুক্ত করা হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে মাগুরার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এ চার্জশিট দাখিল করেন মামলার তদন্ত কর্মকর্তা (ডিবি) ওসি ইমাউল হক।

পুলিশ সুপার একেএম এহসান উল্লাহ জানান, বিএনপি, জামায়াতসহ ২০ দলের অবরোধ চলাকালে গত ২১ মার্চ সন্ধ্যায় মাগুরা-যশোর সড়কের মঘির ঢালে ট্রাকে পেট্রোল বোমা হামলা করে দুর্বৃত্তরা। এ সময় ট্রাকের চালক, হেলপারসহ ৯ শ্রমিক অগ্নিদগ্ধ হন। পরে চালকসহ ৫ জন মারা যান। এ ঘটনায় পরদিন ২২ মার্চ এএসআই আবদুস সালাম মাগুরা সদর থানায় ২৬ জনকে আসামি করে সন্ত্রাসবিরোধী আইনে মামলা করেন। পরে মামলাটি তদন্তের জন্য ডিবিতে পাঠানো হয়। গ্রেফতার ৩ আসামি সাদ্দাম, সবুজ ও রাসেল আদালতে ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেন। দীর্ঘ তদন্ত শেষে মামলার তদন্ত কর্মকর্তা ডিবি পুলিশের ওসি ইমাউল হক গতকাল ২৩ জনের বিরুদ্ধে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ফারাহ মামুনের আদালতে চার্জশিট দাখিল করেন।

মামলার অন্য আসামিরা হচ্ছেন— জেলা বিএনপির সহসভাপতি মনোয়ার হোসেন খান, জেলা জামায়াতের আমির আলমগীর বিশ্বাস, সেক্রেটারি মুত্তার বাকের, সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও সদর জামায়াতের আমির অধ্যাপক ফারুক হোসেন, মাগুরা জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক ফিরোজ হোসেন, সাংগঠনিক সম্পাদক আবদুর রহিম, পৌর কাউন্সিলর ও পৌর বিএনপির সহসভাপতি কিজিল খান প্রমুখ।